গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫৭তম সমন্বয় সভার কার্যবিবরণী**

সসভাপতি : ড. মোহাম্মদ আবদুল লতিফ
মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
সভার তারিখ : ২০ এপ্রিল ২০২৬
সময় : সকাল ১০:০০ টায়
স্থান : বোর্ডের সভাকক্ষ

উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুসারে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন)-কে আহবান জানান। সভার প্রারম্ভেই উপপরিচালক (প্রশাসন) গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৫৬তম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। । অত:পর আলোচ্যসূচি অনুসারে নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১ | দিলকুশা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি) ভবন নির্মাণ-শীর্ষক প্রকল্প | পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সিদ্ধান্ত অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর থেকে প্রাপ্ত Recast DPP ০৭/১০/২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কতিপয় পর্যবেক্ষণ অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি পুনরায় ২০ নভেম্বর ২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে মাননীয় প্রধানমন্ত্রীর (জনপ্রশাসন মন্ত্রী) সদয় অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রেরণ করার প্রক্রিয়া গ্রহণ করেছে। Recast DPP দ্রুততম সময়ের মধ্যে মাননীয় জনপ্রশাসন মন্ত্রী কর্তৃক অনুমোদন এবং তা পরিকল্পনা কমিশনের প্রেরণের বিষয়ে যোগাযোগ অব্যহত রাখার উপর গুরুত্বারোপ করা হয়। | Recast DPP দ্রুততম সময়ের মধ্যে মাননীয় জনপ্রশাসন মন্ত্রী কর্তৃক অনুমোদন এবং তা পরিকল্পনা কমিশনের প্রেরণের বিষয়ে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | (ক)পরিচালক (উন্নয়ন);<br>(খ)উপপরিচালক (উন্নয়ন) |
| ২.২ | মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের স্থানে ১৫তলা বিশিষ্ট "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" | অর্থ বিভাগ কর্তৃক জনবল নির্ধারণ ও ব্যয় প্রাক্কলনের সম্মতি জ্ঞাপনের জন্য বোর্ড কর্তৃক ১৬/০৬/২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। সেপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ০২/০৭/২০২৫ তারিখে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। প্রকল্পের ব্যয় প্রাক্কলন ও জনবল নির্ধারণের সম্মতি গ্রহণের বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার ওপর মতামত ব্যক্ত করা হয়। | অর্থ বিভাগ কর্তৃক প্রকল্পের ব্যয় প্রাক্কলন ও জনবল নির্ধারণের সম্মতি গ্রহণের লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৩ | সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন: | পরিচালক (উন্নয়ন) সভায় অবগত করেন যে, সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য জেলা প্রশাসন কর্তৃক গাজীপুর জেলার সদর উপজেলাধীন পানিশাইল মৌজায় ১নং খাস খতিয়ানভূক্ত এসএ-২৮ আরএস-৫৪ দাগে ৩.৩৪২৫ একর এবং এসএ-৩৯ আরএস-৫৬ দাগে ০.৩৬ একর একুনে ৩.৭০২৫ একর চালা শ্রেণির জমি বরাদ্দ প্রদান করেছে। উক্ত সম্পত্তিতে সীমানা প্রাচীর নির্মানের জন্য নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গাজীপুর গণপূর্ত বিভাগ, গাজীপুর থেকে ১৬/০২/২০২৬ তারিখ প্রাক্কলন পাওয়া গেছে। ভূমিতে মামলার তথ্য অবহিতকরণের জন্য জেলা প্রশাসক, গাজীপুরকে পত্র দেয়া হয়েছে। এখনো জবাব পাওয়া যায়নি। ২০২৫-২৬ অর্থবছরে বাজেট ঘাটতি থাকায় আংশিক সীমানা প্রাচীর নির্মাণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। আগামী সপ্তাহের মধ্যে জবাব প্রাপ্তির ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | দ্রুততম সময়ে মামলা সংক্রান্ত তথ্য সংগ্রহ করে বন্দোবস্তপ্রাপ্ত ভূমি সুরক্ষায় গেটসহ সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য গণপূর্ত অধিপ্তরের মাধ্যমে যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৪ | চট্টগ্রামের আগ্রাবাদে ২০ তলা বিশিষ্ট বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প | স্থাপত্য নকশা অনুমোদনের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় কর্তৃক ১৬/০৩/২০২৬ তারিখের ১৬৮ সংখ্যক স্মারকের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় নকশা চূড়ান্ত অনুমোদনের জন্য সভা আহবান করবে মর্মে পরিচালক (উন্নয়ন) সভাকে জানান। সিদ্ধান্ত গ্রহণের জন্য যোগাযোগ রাখার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | স্থাপত্য নকশা অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৫ | বান্দরবান জেলা শহরে কল্যাণ বোর্ডের ১ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণ | বান্দরবানের আলোচ্য জমিটিতে সীমানা প্রাচীর নির্মান সংক্রান্তে একটি রিট মামলা রয়েছে এবং মামলায় 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডকে' পক্ষভূক্ত করা হয়নি। মামলাটির বিষয়ে মহামান্য হাইকোর্টে উপযুক্ত জবাব প্রদানের লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডকে পক্ষভূক্ত করা প্রয়োজন। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে একজন প্যানেল আইনজীবী নিয়োগ দানের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে পত্র দেয়া হলে একজন প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে।<br>রেস্ট হাউজ কাম রিসোর্ট নির্মাণ প্রকল্পটি পিপিপি বা ডিপিপি অর্থায়নে নির্মাণের | মামলা নিস্পত্তিপূর্বক রেস্ট হাউজ কাম রিসোর্ট নির্মাণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য আগামী বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে। | | |
| ২.৬ | চট্টগ্রামের নাসিরাবাদে ২১.৪৫ শতাংশ পরিত্যক্ত বাড়ি প্রতীকীমূল্যে স্থায়ী-ভাবে বরাদ্দ/ বিক্রয় | পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি) চট্টগ্রাম এর ১৭৮তম সভায় জেলা আবাসন বোর্ড, চট্টগ্রাম এর নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন পূর্ব নাসিরাবাদ মৌজায় অবস্থিত একতলা বিশিষ্ট তালিকাভুক্ত পরিত্যক্ত নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রামের ০১ নং রোড নম্বর-৩৫/এ-২ বাড়িটি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে ১,০০,০০১/- (এক লাখ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/বিক্রয় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং চট্টগ্রামের বিভাগীয় কমিশনার গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করেন। পরবর্তিতে বোর্ডের ৪০তম সভার সিদ্ধান্তের আলোকে প্রস্তাবিত বাড়িটি বোর্ডের অনুকূলে প্রতীকীমূল্যে অথবা খাস হিসেবে বোর্ডের অনুকূলে স্থায়ীভাবে বরাদ্দ অথবা মৌজামূল্যে ক্রয় করা যায় কিনা সে বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রামের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রামকে ১৭/০২/২০২৬ তারিখ পত্র মারফত অনুরোধ করা হয়েছে। পরিচালক, চট্টগ্রাম সভায় জানান যে, আগামী ১ মাসের মধ্যে এ বিষয়ে মতামত জানা যাবে। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিত্যক্ত বাড়িটি প্রতীকীমূল্যে অথবা খাস হিসেবে বোর্ডের অনুকূলে স্থায়ীভাবে বরাদ্দ অথবা মৌজামূল্যে ক্রয় করা যায় কিনা সে বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মতামত গ্রহণের বিষয়ে যোগাযোগ রাখতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৭ | বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে বরিশালে বাণিজ্যিক ভবন নির্মাণ | বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন বরিশাল-তালতলি-শায়েস্তাবাদ সড়কের সরকারি হাঁস মুরগীর খামার সংলগ্ন জে.এল, ৪৮ নং আমানতগঞ্জ মৌজার এস.এ. ১ নং খাস খতিয়ানভুক্ত ৭৯৫ নং দাগের ২.০০ (দুই) একর জমি বরাদ্দের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ০৬/০৮/২০২৫ তারিখের ২৮৩ নং স্মারকে সরকারি জমি বিক্রয়/ হস্তান্তরের ক্ষেত্রে বিশেষভাবে ব্যতীক্রমী পরিস্থিতি ব্যতীরেকে প্রতীকীমূল্যে বন্দোবস্ত প্রদানের বিষয়টি নিরুৎসাহিত করায় প্রস্তাবটি ভূমি মন্ত্রণালয় হতে না-মঞ্জুর করে কেস নথি ফেরত প্রদান করেছে। বিষয়টি পুনঃবিবেচনার জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের মতামত প্রদান করা হয়। | প্রস্তাবিত জমিটি প্রতীকীমূল্যে বন্দোবস্ত প্রস্তাব পুনঃবিবেচনার জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৮ | পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা | রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য নিষ্কন্টক জমি চূড়ান্তভাবে নির্বাচন এবং এর উপযোগিতা নির্ণয়ের জন্য ৪০তম বোর্ড সভায় কমিটি গঠনপূর্বক ০১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে, বোর্ডের প্রধান কার্যালয় কর্তৃক ১৯/০২/২০২৬ তারিখে ৮২ সংখ্যক পত্রের মাধ্যমে বিভাগীয় কমিশনার, বরিশালকে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে বিভাগীয় কমিশনারের সাথে যোগাযোগ করে দ্রুত প্রতিবেদন গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য নিষ্কন্টক জমি চূড়ান্তভাবে নির্বাচন ও এর উপযোগিতা নির্ণয়ের জন্য প্রতিবেদন দাখিল বিষয়ে যোগাযোগ রাখতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৯ | মাসিক কল্যাণভাতার রিকোনসাইলকরণ সংক্রান্ত | সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কোন কর্মকর্তা/ কর্মচারী অক্ষম হলে এবং কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবারকে সর্বোর্চ্চ ১৫ (পনের) বছর এবং চাকরিজীবী অবসর প্রাপ্তির ১০ বছর অতিক্রান্ত হওয়ার পূর্বে (সর্বোর্চ্চ ৬৯ বছর বয়স পর্যন্ত) মৃত্যুবরণ করলে মৃত্যুর তারিখ থেকে ১০ বছরের অবশিষ্ট সময় পর্যন্ত ০১ জুলাই ২০১৯ তারিখ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৯ আগস্ট ২০২৫ তারিখ থেকে ৩,০০০/- (তিন হাজার) হারে ধারাবাহিকভাবে মাসিক কল্যাণ ভাতা প্রদান করা হচ্ছে। কল্যাণ ভাতার কার্ডের মেয়াদ সর্বোর্চ্চ ১৫ বছর। কাজেই যে সকল কার্ডের মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল মেয়াদ উত্তীর্ণ কার্ড ব্যাংক থেকে সংগ্রহপূর্বক রিকোনসাইল প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কল্যাণ ভাতার কার্ডের রিকোনসাইল কার্য সম্পন্ন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | রিকোনসাইল প্রক্রিয়া সম্পন্নসহ সকল মেয়াদ উত্তীর্ণ কার্ড সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন),<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১০ | ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম | প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণসহ বিভাগীয় কার্যালয়সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। বোর্ডের যে সকল বিভাগীয় কার্যালয়ে আইটি জ্ঞানসম্পন্ন জনবল নেই সে সকল বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটে সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদকরণের নিমিত্ত প্রধান কার্যালয়ের আইটি শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে;<br>(খ) যে সকল বিভাগীয় কার্যালয়ে আইটি জ্ঞানসম্পন্ন জনবল নেই সে সকল বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটে সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদকরণে প্রধান কার্যালয়ের আইটি শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল);<br>(গ) সিস্টেম এনালিস্ট |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রদান করেন। এছাড়া প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়। | (গ) বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদপূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | |
| ২.১১ | অডিট আপত্তি নিষ্পত্তি | হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ২০০৪-০৮ হতে ২০২৩-২৪ অর্থবছরের মোট ৪টি SFI অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে বার বার প্রেরণ করা হলেও নিষ্পত্তি করা হয়নি। ২০২১-২২ হতে ২০২৩-২৪ অর্থবছরের মোট ৪টি NSFI অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর প্রেরণ করা হলেও নিষ্পত্তি করা হয়নি। এছাড়া Audit Management and Monitoring Sysstem-2.0 (AMMS-2.0) সফটওয়্যারে দৃশ্যমান ৯৩টি অডিট আপত্তির মধ্যে ১৭টি অডিট আপত্তি Reconciliation এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। এছাড়া ২০২৪-২৫ অর্থবছরের ব্যয়ের ওপর ২৯/০৩/২০২৬ হতে ০৫/০৪/২০২৬ তারিখ পর্যন্ত অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। এখনো চুড়ান্ত রিপোর্ট পাওয়া যায়নি। প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ে অডিট নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট পক্ষসমূহের সমন্বয়ে ত্রিপক্ষীয় এবং দ্বিপক্ষীয় সভা আহবানের বিষয়ে সভায় সবোর্চ্চ গুরুত্ব প্রদান করা হয়। | (ক) SFI ৪টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়, আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর এবং বোর্ডের সমন্বয়ে ত্রিপক্ষীয় সভা আহবান করতে হবে;<br>(খ) NSFI ৪টি এবং AMMS-2.0) সফটওয়্যারে অবশিষ্ট ৭৬টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর এবং বোর্ডের সমন্বয়ে দ্বিপক্ষীয় সভা আহবান করতে হবে;<br>(গ) ২০২৪-২৫ অর্থবছরের ব্যয়ের ওপর অডিটের রিপোর্ট প্রাপ্তির পর ব্রডসিট জবাব প্রদান ও নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ ও বাজেট) |
| ২.১২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পূর্বের ধারাবাহিকতায় ২৫-২৬ অর্থবছরে অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) এর লক্ষ্যমাত্রা ৬০ ঘন্টা নির্ধারণপূর্বক প্রস্তুতকৃত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সরকারি ক্রয়সংক্রান্ত কাজ যথাযথভাবে সম্পাদনের জন্য বোর্ড এর কর্মকর্তা/ কর্মচারীদের ই-জিপি কার্যক্রমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "ই-জিপি সিস্টেম ব্যবহারে ২৭-৩০ নভেম্বর ২০২৫ তারিখ ৪ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া, ০২/০৪/২০২৬ তারিখ Governmence Performance Monitoring System (GPMS) বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়েছে। | (ক) ২০২৫-২৬ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (Inhouse training) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;<br><br>(খ) বিভাগীয় কার্যালয়ে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS) | বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহ Grievance Redress System (GRS) এর সাথে যুক্ত রয়েছে। উক্ত সিস্টেমে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে। বর্তমানে অভিযোগ নিষ্পত্তির হার ১০০%। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে www.grs.gov.bd সিস্টেমে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহে www.grs.gov.bd এ প্রাপ্ত অভিযোগ-সমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে। এছাড়া বিভাগীয় কার্যালয়ের সাথে এ বিষয়ে প্রয়োজনে সভা আয়োজনের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে। | সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল);<br>(গ) সিস্টেম এনালিস্ট |
| ২.১৫ | তথ্য অধিকার | তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি এবং স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা এবং সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;<br>(২) সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, |
| ২.১৬ | শাখা পরিদর্শন | বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়ের শাখাসমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। | সচিবালয় নির্দেশমালা মোতাবেক শাখা পরিদর্শন এবং প্রতিবেদন দাখিল কার্যক্রম অব্যহত রাখতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১৭ | বোর্ডের কারিগরি প্রশিক্ষণে ভর্তি প্রক্রিয়া মাইগভ প্ল্যাটফর্মের (my Gov) মাধ্যমে সম্পাদন | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫টি (বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, ও বরিশাল) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র চালু রয়েছে। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ওপর নির্ভরশীল সদস্যগণকে কম্পিউটার অফিস কোর্স, গ্রাফিক্স ডিজাইন, সেলাই, ব্লক, এমব্রয়ডারি, কনফেকশনারি বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়। এই কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের ভর্তির আবেদন ফরম পূরণ, ভর্তি ফি গ্রহণ ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হয়ে থাকে। ইতোঃপূর্বে | বিষয়টি পরবর্তী সভার এজেন্ডা বহির্ভূত থাকবে। | পরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ২০২২ সালে বোর্ডের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ভর্তির প্রক্রিয়া' myGov প্লাটফর্ম (একসেবা) এর সাথে ইন্টিগ্রেশনপূর্বক অনলাইনে সম্পাদনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু কারিগরি প্রশিক্ষণে ভর্তি ফি অনলাইনে প্রদান/ গ্রহণের বিষয়টি myGov এ প্রক্রিয়াধীন থাকায় ভর্তি কার্যক্রম অনলাইনে করা সম্ভবপর হয়নি। বর্তমানে mygov এ 'এক'পে" এর মাধ্যমে অনলাইন পেমেন্ট এর অপশন এবং ওয়ার্ক ফ্লো ইঞ্জিন চালু হয়েছে। বোর্ডের ২টি সেবা কারিগরি প্রশিক্ষণে ভর্তি ও কমিউনিটি সেন্টার ভাড়া প্রদান প্রক্রিয়া মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে এক-পে (Ekpay) পেমেন্ট গেটওয়ে ইন্টিগ্রেশনের নির্দিষ্ট ছক পূরণপূর্বক ১১/১২/২০২৫ তারিখ এটুআই বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কারিগরি প্রশিক্ষণে ভর্তি ও কমিউনিটি সেন্টার ভাড়া প্রদান কার্যক্রমের ফর্মাল ভেলিডেশন এবং প্রশিক্ষণে ভর্তি ও হল ভাড়া গ্রহণের জন্য মার্চেন্ট আইডি প্রস্তুত বিষয়ে সর্বশেষ ১৭/১২/২০২৫ তারিখ বোর্ডের মহাপরিচালক (সচিব) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সুপারিশের ভিত্তিতে মাইগভ ও বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক সিস্টেমটি আপডেট প্রক্রিয়া চলমান রয়েছে। | | |
| ২.১৮ | বোর্ড কর্তৃক প্রদেয় বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন ও অনিষ্পন্ন আবেদনের তথ্য প্রেরণ | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন, অনিষ্পন্নকৃত আবেদনের হিসাব এবং সেবাখাতের মঞ্জুরিকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া মাসিক কল্যাণভাতার ব্যয়বিবরণী হিসাব ব্যাংকের সাথে রিকনসাইলপূর্বক প্রতি অর্থবছরে ৩১ ডিসেম্বর ও ৩০ জুন রির্পোট প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। অনিষ্পন্ন আবেদনসমূহ দ্রুততম সময়ের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার বিষয়েও অভিমত ব্যক্ত করা হয়। মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনে নির্ধারিত ছক মোতাবেক অনুদানসমূহের তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | (ক) সেবাখাতের মঞ্জুরিকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br>(খ) মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনে নির্ধারিত ছক মোতাবেক অনুদানসমূহের তথ্য প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা / বরিশাল |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১৯ | বোর্ডের বাজেট | অর্থ বিভাগের সম্মতিক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবালয় শাখার ১৯/০৮/২০২৫ তারিখে ২১৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড যথাক্রমে জটিল ব্যয়বহুল রোগের চিকিৎসা, সাধারণ চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান এবং যৌথবীমার এককালীন অনুদানের পরিমাণ বৃদ্ধি করা হয়। অনুদান বৃদ্ধি করা হলেও কল্যাণ তহবিলের চাঁদা এবং যৌথবীমার প্রিমিয়াম বৃদ্ধি করা হয়নি। অন্যদিকে জাতীয় বাজেট থেকে অতিরিক্ত অর্থের বরাদ্দ পাওয়া যায়নি। ফলে প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ে চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া, মাসিক কল্যাণ অনুদান এবং যৌথবীমার অনুদান অনুমোদন করা হলেও অর্থ প্রেরণ করা সম্ভবপর হয়নি। উল্লেখ্য, অর্থের অভাবে বিভাগীয় কার্যালয়ে সাধারণ চিকিৎসা অনুদান নভেম্বর ২০২৫ এর পরে গ্রাহকের অনুকূলে প্রেরণ করা হয়নি। প্রয়োজনীয় অর্থের বরাদ্দের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। | অতিক্তি অর্থ বরাদ্দের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২.২০ | বিবিধ | (ক) বৈশ্বিক জ্বালানি সরবরাহ ও মূল্যচাপ মোকাবিলায় সরকার বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রসাধন ব্যবস্থা জোরদার করেছে। এছাড়া দিনের বেলায় প্রাকৃতিক আলো ব্যবহার অপ্রয়োজনীয় লাইট, ফ্যান, এসি বন্ধ রাখা ও এসির তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াস বা তার বেশি রাখাসহ অফিস শেষে সব বৈদ্যুতিক যন্ত্র বন্ধ রাখা, যানবাহন ও জ্বালানি ব্যবহার সীমিত রাখার নির্দেশনা প্রদান করে। সভায় সরকার প্রদত্ত নির্দেশনা প্রতিপালনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়;<br><br>(খ) নাগরিক সেবা নিশ্চিত করা, প্রশাসনিক শৃঙ্খলা বৃদ্ধি এবং সময়ানুবর্তিতা জোরদার করার উদ্দেশ্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা-কর্মচারীদের প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ নিজ কর্মস্থলে বাধ্যতামূলকভাবে উপস্থিত থাকার নির্দেশনা জারি করেছে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত উপস্থিতির বিষয়ে জারিকৃত নির্দেশনাসমূহ প্রতিপালনের বিষয়ে সর্বোর্চ্চ গুরুত্বারোপ | (ক) সরকার কর্তৃক জ্বালানি এবং যানবাহন সংক্রান্ত প্রদত্ত নির্দেশনামালা প্রতিপালন করতে হবে;<br><br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত উপস্থিতির বিষয়ে জারিকৃত নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে; | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/রংপুর/ ময়মনসিংহ |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করেন;<br>(গ) বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের সংখ্যা এবং নিষ্পত্তির সংখ্যার বিবরণ সভায় উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | (গ) বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের সংখ্যা এবং নিষ্পত্তির সংখ্যার বিবরণ সভায় উপস্থাপন করতে হবে। | |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. মোহাম্মদ আবদুল লতিফ)
মহাপরিচালক (গ্রেড-১)